**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ২২ জুলাই ২০১৫, ৭ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নয়ন কর্মকাণ্ডে কালক্ষেপণ সহ্য করা হবে না : প্রধানমন্ত্রী
২। শর্ত মেনেই আইএমএফ এর অর্থ নেবে সরকার : অর্থমন্ত্রী
৩। বঙ্গবন্ধু সেতু থেকে নকলা পর্যন্ত রোড ডিভাইডার নির্মাণ করা হবে : সেতু ও সড়ক পরিবহণ মন্ত্রী
৪। মরণোত্তর বিচারে আইন করা উচিত : তথ্যমন্ত্রী
৫। টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে ৫ মন্ত্রী প্রতিমন্ত্রীর শ্রদ্ধা
৬। সারাদেশে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২৫ জুলাই শুরু
৭। রাজধানীর নিউ ইস্কাটনে জোড়া খুনের ঘটনায় এমপিপুত্র রনিকে একমাত্র আসামি করে চার্জশিট
৮। ছিটমহলের সিংহভাগই থাকতে চান বাংলাদেশে : ভারতে যেতে চান ৯৭৯ জন
৯। বিটিসিএলের অফিস থেকে ৭৬ হাজার ইয়াবা উদ্ধার
১০। রাজন হত্যা মামলায় অন্যতম আসামি কামরুল ইসলামকে ফেরত আনতে ইন্টারপোলের রেড নোটিশ
১১। চট্টগ্রাম টেস্টের প্রথম দিনেই অল আউট দক্ষিণ আফ্রিকা

চলমান পাতা/২

১। উন্নয়ন কর্মকাণ্ডে কালক্ষেপণ সহ্য করা হবে না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিতে এবং সরকারের লক্ষ্য অর্জনে আরও বেশি সক্রিয় হতে সরকারি কর্মকর্তাদের নির্দেশ দিয়ে বলেছেন, দেশের অধিকতর অগ্রগতির স্বার্থে উন্নয়ন কর্মকাণ্ডে কালক্ষেপণ বরদাশত করা হবে না। সরকারের উন্নয়ন কর্মকাণ্ড দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয় রেখে কাজ করতে হবে। উন্নয়ন যাতে পিছিয়ে না পড়ে, সেদিকে সবার খেয়াল রাখতে হবে। গতকাল ২১ জুলাই মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৬)।

২। শর্ত মেনেই আইএমএফ এর অর্থ নেবে সরকার : অর্থমন্ত্রী

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) বর্ধিত ঋণ সহায়তার (ইসিএফ) শেষ দুই কিস্তির অর্থ নেওয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ঈদের পর প্রথম কার্যদিবসে গত ২০ জুলাই সোমবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আইএমএফ-এর কাছ থেকে ইসিএফ-এর শেষ দুই কিস্তির ২৮ কোটি ডলার বাংলাদেশ নিচ্ছে। আগামী অক্টোবরের মধ্যে এ অর্থ পাওয়া যাবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), ইনকিলাব (পৃ.১,ক.৩)।

৩। বঙ্গবন্ধু সেতু থেকে নকলা পর্যন্ত রোড ডিভাইডার নির্মাণ করা হবে : সেতু ও সড়ক পরিবহণ মন্ত্রী

সেতু ও সড়ক পরিবহণ মন্ত্রী ওবায়দুল কাদের গতকাল ২১ জুলাই মঙ্গলবার বঙ্গবন্ধু সেতুর পশ্চিম সংযোগ সড়কের দুর্ঘটনাপ্রবণ এলাকা আকস্মিক পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের বলেন, আগামী ২ মাসের মধ্যে বঙ্গবন্ধু সেতু পশ্চিম সংযোগ সড়ক থেকে নকলা পর্যন্ত ৪টি দুর্ঘটনাপ্রবণ এলাকায় রোড ডিভাইডার ও আরিচা মহাসড়কের আদলে নিউ জার্সি বেরিয়ার নির্মাণ করা হবে। কয়েক দিনের মধ্যে কাজ শুরু করে আগামী ঈদুল আজহার আগেই তা শেষ করা হবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ডেইলি সান (পৃ.৩,ক.১)।

৪। মরণোত্তর বিচারে আইন করা উচিত : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জেনারেল জিয়াউর রহমান ক্ষমতাকে চিরস্থায়ী করতে কর্নেল তাহেরকে নির্মমভাবে ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করেছিলেন। সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষার জন্য কর্নেল তাহেরসহ সব হত্যাকাণ্ডের বিচার করা উচিত। কিন্ত দেশে মরণোত্তর বিচারে আইন নেই। তিনি বলেন, 'আমি মনে করি ব্রিটেনের মতো বাংলাদেশে মরণোত্তর বিচারের জন্য আইন করা উচিত।' গতকাল ২১ জুলাই মঙ্গলবার বঙ্গবন্ধু এভিনিউয়ের জাসদ কার্যালয়ে কর্নেল তাহেরের মৃত্যুবার্ষিকী উপলক্ষে প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ শেষে এক আলোচনা সভায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-যায়যায়দিন (পৃ.৩,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৬), যুগান্তর (পৃ.৩,ক.৪)।

৫। টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে ৫ মন্ত্রী প্রতিমন্ত্রীর শ্রদ্ধা

টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন সদ্য দায়িত্ব পাওয়া ৫ মন্ত্রী ও প্রতিমন্ত্রী। গতকাল ২১ জুলাই মঙ্গলবার টুঙ্গিপাড়ায় পৌছে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের নেতৃত্বে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান, ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম ও খাদ্য প্রতিমন্ত্রী নুরুজ্জামান আহমেদ জাতির পিতার সমাধি সৌধের বেদিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পরে ফতেহা পাঠ ও বিশেষ মোনাজাতে অংশ নেন তারা। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.২,ক.১)।

৬। সারাদেশে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২৫ জুলাই শুরু

সারাদেশে হালনাগাদ ভোটার তালিকার কার্যক্রম শুরু করছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ২৫ জুলাই থেকে নরসিংদীতে এ কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজি রকিবউদ্দীন আহমদ। এ কার্যক্রমের আওতায় দেশব্যাপী প্রায় ৭২ লাখ নাগরিকের তথ্য সংগ্রহের কথা রয়েছে। এ জন্য ব্যয় ধরা হয়েছে ৮১ কোটি টাকা। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.৫)।

৭। রাজধানীর নিউ ইস্কাটনে জোড়া খুনের ঘটনায় এমপিপুত্র রনিকে একমাত্র আসামি করে চার্জশিট

সংসদ সদস্যপুত্র বখতিয়ার আলম রনিকে একমাত্র আসামি করে রাজধানীর নিউ ইস্কাটন রোডে জোড়া খুনের ঘটনায় দায়ের করা মামলায় অভিযোগপত্র (চার্জশিট) দাখিল করা হয়েছে। গতকাল ২১ জুলাই মঙ্গলবার ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের ডিবি এসআই দীপক কুমার দাস ঢাকার সিএমএম আদালতে ওই চার্জশিট দাখিল করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। সংবাদ, যুগান্তর এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। ছিটমহলের সিংহভাগই থাকতে চান বাংলাদেশে : ভারতে যেতে চান ৯৭৯ জন

বাংলাদেশের অভ্যন্তরে থাকা ভারতীয় ছিটমহলের সিংহভাগ অধিবাসী বাংলাদেশে থাকতে চান। ভারতীয় ১১১টি ছিটমহলের ৪১ হাজার ৪৪৯ জন অধিবাসীর মধ্যে ওই দেশে যেতে চান মাত্র ৯৭৯ জন। কুড়িগ্রামের ১২টি ছিটমহল থেকে ভারতে যেতে চান ৩১৭ জন। নীলফামারীর ৪টি ছিটমহলের কেউই ভারতে যেতে চান না। গতকাল

২১ জুলাই মঙ্গলবার এক প্রেস ব্রিফিংয়ে রংপুর বিভাগীয় কমিশনার দিলোয়ার বখ্ত এ কথা জানিয়েছেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৫), প্রথম আলো (শেষ পৃ.,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৯। বিটিসিএলের অফিস থেকে ৭৬ হাজার ইয়াবা উদ্ধার

পুরান ঢাকার ওয়ারীতে বিটিসিএলের একটি স্থানীয় কার্যালয়ে অভিযান চালিয়ে ৭৬ হাজার ইয়াবা বড়িসহ এক কিশোরকে আটক করেছে পুলিশ। গতকাল ২১ জুলাই মঙ্গলবার সকাল সাড়ে আটটার দিকে র‌্যাঙ্কিন স্ট্রিটে সাব পোস্ট অফিস ভবনের নিচতলায় বিটিসিএলের একটি কক্ষ থেকে এসব ইয়াবা উদ্ধার করা হয়। এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে বিটিসিএলের একজন কর্মচারী পালিয়ে যান বলে পুলিশ জানিয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৬), সমকাল (পৃ.১,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৭)। নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। রাজন হত্যা মামলায় অন্যতম আসামি কামরুল ইসলামকে ফেরত আনতে ইন্টারপোলের রেড নোটিশ

পৈশাচিক নির্যাতনে সিলেটের শিশু শেখ সামিউল আলম রাজন হত্যা মামলায় আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে আরও দুই আসামি নূর মিয়া ও দুলাল আহমদ। গতকাল ২১ জুলাই মঙ্গলবার বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত পৃথকভাবে তাদের জবানবন্দি রেকর্ড করেন সিলেট মহানগর আদালত-২ এর ম্যাজিস্ট্রেট আনোয়ারুল হক। এর আগে গত ২০ জুলাই সোমবার সন্ধ্যায় একই আদালতে জবানবন্দি দেন ময়না মিয়া। এ নিয়ে এ মামলায় দু'জন প্রত্যক্ষদর্শীসহ ৫ জন স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিলেন। এদিকে সৌদি আরবে গ্রেফতার রাজন হত্যা মামলার অন্যতম আসামি কামরুল ইসলামকে দেশে ফেরত আনার জন্য ইন্টারপোলের 'রেড নোটিশ' জারি করা হয়েছে। ইতোমধ্যে সংস্থাটির রেড নোটিশে কামরুলের ছবি দিয়ে তার সম্পর্কে তথ্য তুলে ধরা হয়েছে। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৫), সমকাল (পৃ.২,ক.৫), ডেইলি স্টার (পৃ.২,ক.৮), ডেইলি সান (পৃ.২,ক.২)।

১১। চট্টগ্রাম টেস্টের প্রথম দিনেই অল আউট দক্ষিণ আফ্রিকা

স্বপ্নের অভিষেক হলো বাংলাদেশের পেসার মুস্তাফিজুর রহমানের। তার সাথে ঘূর্ণি বলে জাদু দেখালেন স্পিনার জুবায়ের হোসেন। পাশাপাশি তাইজুল, সাকিব, মাহমুদুল্লাহও আঘাত করলে টাইগারদের থাবায় ক্ষতবিক্ষত হয়ে যায় আফ্রিকান সিংহ। টস জিতে ব্যাটিংয়ে নেমে পুরো একটা দিন ক্রিজেই টিকতে পারল না টেস্ট র‌্যাঙ্কিংয়ের এক নম্বর দলটি। মাত্র ৮৩.৪ ওভারে ২৪৮ রানে অলআউট হয়ে গেল তারা। পরে ব্যাটিংয়ে নেমে বিনা উইকেটে সাত রানে দিন শেষ করে বাংলাদেশ। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)। জনকণ্ঠ, ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : পাট খাতের অনিয়ম, অব্যবস্থা ও দুর্নীতির বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখে লুটপাটের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : চট্টগ্রামের জলাবদ্ধতা উদ্বেগজনক বলে মন্তব্য করে সর্বোচ্চ নীতিনির্ধারক মহলকে বিষয়টি বিশেষ গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে স্থায়ীভাবে চট্টগ্রামের দুঃখ লাঘবে যথোচিত ব্যবস্থা গ্রহণের আহ্বান;

গ. সংবাদ, ইনকিলাব, যুগান্তর, ডেইলি সান : জনপ্রশাসন মন্ত্রী দলীয় প্রভাবমুক্ত একটি প্রশাসন গঠনে সক্রিয় ও যথার্থ এবং পক্ষপাতহীন ভূমিকা রাখবেন এবং শুধু মেধা ও কাজের মূল্যায়ন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত;

ঘ. জনকণ্ঠ, প্রথম আলো : চট্টগ্রামে পাহাড় ধসে প্রাণহানির ঘটনা প্রতিরোধে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণ স্থানে বাড়িঘর নির্মাণ স্থায়ীভাবে বন্ধ করার লক্ষ্যে একটি কার্যকর উদ্যোগ গ্রহণের আহ্বান;

ঙ. সমকাল : ঈদের ছুটিতে পর্যটন কেন্দ্রগুলোতে প্রাণচাঞ্চল্য ফিরে আসার খবরের চিত্র তুলে ধরে সংশ্লিষ্ট সব পক্ষ আন্তরিক ও দায়িত্বশীল হলে এই খাতের উন্নয়ন, বিকাশ ও স্থায়িত্ব কঠিন হতে পারে না বলে প্রত্যাশা;

চ. ডেইলি স্টার : ঈদের ছুটিসহ সব ছুটিতেই হাসপাতালে স্বাস্থ্যসেবা স্বাভাবিক রাখতে ডাক্তারসহ সংশ্লিষ্টদের আরও আন্তরিক হওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ঢাকা কোর্ট থেকে জাল বা ভুয়া জামিন কাগজপত্রের দ্বারা প্রায় শতাধিক সন্ত্রাসীর জামিন পাওয়ার বিষয়টির ব্যাপারে প্রধান বিচারপতি বিশেষ ব্যবস্থা গ্রহণ করবেন যেন এ ধরনের ঘটনা আর না ঘটে বলে প্রত্যাশা ব্যক্ত;

জ. নিউজ টুডে : বিদেশে আরো কর্মসংস্থানের লক্ষ্যে জনসম্পদ রপ্তানির ব্যাপারে সব ধরনের বাধা অপসারণে বর্তমান দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর কাছে মানবিক পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা;

ঝ. নিউ নেশন : ব্যাংক থেকে ঋণ/লোন নেওয়ার ব্যাপারে কর্পোরেট গ্রুপের কমার্শিয়াল পেপার যথাযথভাবে ঠিক আছে কিনা তা সহ নানাবিধ বিষয় তদন্ত করে দেখার গাইডলাইন এখনও বাংলাদেশ ব্যাংক যথাযথভাবে ঠিক করতে পারছে না বলে অভিমত;

ঞ. নিউ এজ : খাদ্যপণ্যে ক্ষতিকর রাসায়নিক বালাইনাশক ও কীটনাশকের ব্যবহার নিয়ন্ত্রণে রাখার ব্যাপারে সরকারকে জরুরিভিত্তিতে হস্তক্ষেপ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে সরকারি কর্মকর্তাদের ভ্রাম্যমাণ আদালত আইন প্রয়োগের ক্ষেত্রে পক্ষপাতহীন, ন্যায়নিষ্ঠা ও আবেগবর্জিত হয়ে তা বাস্তবায়ন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত 'নৃশংসতা বাড়ছে সামাজিক অপরাধ' শিরোনামের নিবন্ধে হাসান মামুন বিশেষ ধরনের অপরাধের ক্ষেত্রে পুলিশ দ্রুততার সঙ্গে দৃষ্টিগ্রাহ্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করলে ওই বিশেষ ধরনের অপরাধ এতে নিরুৎসাহিত হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা